

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৭৮
আগরতলা, ৬ আগস্ট, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“ছুটিতে চিকিৎসকরা, বিপাকে পড়েছেন প্রসূতি মহিলারা,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় আজ (৬ আগস্ট, ২০২৫) তারিখে প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, ডাঃ সুভাকরণ চৌধুরী, ডি.জি.ও, ত্রিপুরা হেলথ সার্ভিস-এর অধীনগ্রেড-৩ পদমর্যাদার একজন চিকিৎসক, উত্তর জেলার পানিসাগর মহকুমা হাসপাতাল থেকে তাঁকে কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা হাসপাতালে ডেপুটেশনে নিযুক্ত করা হয়েছে। তিনি ৬ আগস্ট, ২০২৫ তারিখ সকালে ঊনকোটি জেলা হাসপাতালে দায়িত্বভার গ্রহণ করেছেন।
